২৬

দৈনিক ইনকিলাব

তারিখ JAN. 27 1999
পৃষ্ঠা ৫ কলাম ৩

# বৃহত্তর দিনাজপুর ও রংপুর জেলায় ৫ হাজার গ্রামে বিদ্যালয় নেই ঃ ৫ লাখ শিশু প্রাথমিক শিক্ষা বঞ্চিত

পঞ্চগড় থেকে জেলা সংবাদদাতা ঃ বৃহত্তর দিনাজপুর ও রংপুর জেলার ৫৮টি থানার প্রায় ৫ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে ওই ৫ হাজার গ্রামের প্রায় ৫ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

প্রকাশ, ২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ধরা হলেও এ দু'টি বৃহত্তর জেলার অধিকাংশ গ্রামে প্রতিষ্ঠিত হয়নি কোন বিদ্যালয়। সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, বৃহত্তর দিনাজপুর জেলার ২৩টি থানার ৩ হাজার ৬শ'র বেশী গ্রামের মধ্যে দেড় হাজারের অধিক গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে এসব গ্রামের প্রায় দেড় লাখ শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। এর মধ্যে দিনাজপুর জেলার ১৩টি থানার ২ হাজার ১শ' ৬৪টি গ্রামের মধ্যে ১ হাজার ৩১টি গ্রামে বিদ্যালয় নেই। ঠাকুরগাঁও ৫টি থানার ৬শ' ৩৩টি গ্রামের মধ্যে ৮৫টি গ্রামে এবং পঞ্চগড় জেলার ৫টি থানার ৮শ' ২৫টি গ্রামের মধ্যে ৪শ' ২১টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। অপর দিকে রংপুর জেলার ৮টি থানার ১ হাজার ৫শ' ৫টি গ্রামের মধ্যে ৬শ' গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। এতে করে প্রায় ১ লাখ শিশু শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। গাইবান্ধা জেলার ৭টি থানার ১ হাজার ২শ' ৩০টি গ্রামের মধ্যে ২শ' ৪৭টি গ্রামে বিদ্যালয় না থাকায় ৯০ হাজার শিশু লেখাপড়া থেকে বঞ্চিত হচ্ছে। নীলফামারী জেলার ৬টি থানার ৮শ' ২৫টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে এতে ৪৫ হাজার শিশু একইভাবে শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। কুড়িগ্রাম জেলার ৯টি থানার ১ হাজার ২৭টি গ্রামের ৭০ হাজার শিশু, একইভাবে লালমনিরহাট জেলার ৫টি থানার ৪শ' ৬৯টি গ্রামে বিদ্যালয় না থাকায় ৪২ হাজার শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে।